



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়

www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/৯০/৩ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বচ্ছলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/বিবিধ যোগাযোগ/২০২১/৩৩৩৭৫

তারিখ : ২৩/০৩/২০২২ খ্রি.

বিষয়: করোনা ভাইরাস (কোভিড-১৯) এর বিস্তাররোধকল্পে মন্ত্রিপরিষদ বিভাগের বিধি-নিষেধ আরোপ অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের অফিসসমূহ সীমিত পরিসরে খোলা রাখা প্রসঙ্গে।

মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.১৪১, তারিখ: ২১.০১.২০২২


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তাররোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ অনুযায়ী ২৩ জানুয়ারি ২০২২ তারিখ হতে ০৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখ পর্যন্ত ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অফিসসমূহ সকাল ৯.০০ টা থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত খোলা থাকবে।

এ সময়ে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কার্যক্রম পরিচালনার স্বার্থে বিশ্ববিদ্যালয়ের বিভাগ/দপ্তর প্রধান কর্তৃক রোটেশন অনুযায়ী শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে সরকার ঘোষিত সকল নির্দেশনা ও স্বাস্থ্যবিধি যথাযথভাবে মেনে কাজ করতে হবে। এ আদেশ চলমান থাকাকালে কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থল ত্যাগ করা যাবে না। বিশ্ববিদ্যালয়ের জরুরী দাপ্তরিক কাজে যে সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীর সহায়তা প্রয়োজন হবে তারা সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান/দপ্তর প্রধানের নির্দেশনার আলোকে অফিসে উপস্থিত থাকবেন।

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তার কাজে নিয়োজিত আনসার ও প্রহরীগণ নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালন করবেন এবং বিশ্ববিদ্যালয়ের গাড়িচালকগণ পরিবহন শাখার চাহিদার আলোকে দায়িত্ব পালন করবেন।

সংযুক্তি: মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন।

উপাচার্যের অনুমোদনক্রমে


২৩/০৩/২০২২

(মো: রেজাউল হক)

রেজিস্ট্রার

মোবাইল- ০১৭০৫-৪০৮০০১

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/বিবিধ যোগাযোগ/২০২১/৩৩৩৭৫(২২)


তারিখ : ২৩/০৩/২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. ড্রেজারার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. পরীক্ষা নিয়ন্ত্রক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৪. পরিচালক (অর্থ ও হিসাব), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫. উপাচার্যের একান্ত সচিব (মাননীয় উপাচার্যের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৬. পরিদর্শন দপ্তর প্রধান, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৭. পরিবহন শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৮. কারিকুলাম উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্র, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৯. সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১০. আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১১. পিসি, অঙ্গীভূত আনসার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১২. অফিস নথি।

(ড. মো: আবু হানিফা)

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)


২৩.৩.২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
জেলা ও মাঠ প্রশাসন অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১-১৪১

তারিখ: ০৭ মাঘ ১৪২৮
২১ জানুয়ারি ২০২২

বিষয়: করোনভাইরাসজনিত রোগ কোভিড-১৯-এর বিস্তাররোধকল্পে সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপ।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১-১৩১ তারিখ: ১০.০১.২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের অনুবৃত্তিক্রমে আজ ২১ জানুয়ারি ২০২২ তারিখ হতে সার্বিক কার্যাবলি/চলাচলে নিম্নোক্ত বিধি-নিষেধ আরোপ করা হলো:

- ক. ২১ জানুয়ারি ২০২২ থেকে আগামী ০৬ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত সকল স্কুল, কলেজ ও সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকবে;
 - খ. বিশ্ববিদ্যালয়গুলো নিজ নিজ ক্ষেত্রে অনুরূপ ব্যবস্থা গ্রহণ করবে;
 - গ. সামাজিক/রাজনৈতিক/ধর্মীয়/রাষ্ট্রীয় অনুষ্ঠানে ১০০-র বেশি জনসমাবেশ করা যাবে না। এসব ক্ষেত্রে যারা যোগদান করবে তাদের অব্যাহি টিকা সনদ/২৪ ঘণ্টার মধ্যে পিসিআর সার্টিফিকেট আনতে হবে। সরকারি/বেসরকারি অফিস, শিল্প কারখানা সমূহে কর্মকর্তা/কর্মচারীদের টিকা সনদ গ্রহণ করতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এ বিষয়ে দায়িত্ব বহন করবেন;
 - ঘ. বাজার/শপিং মল, মসজিদ, বাসস্ট্যান্ড, লঞ্চঘাট, রেলস্টেশনসহ সবধরনের জনসমাবেশে অব্যাহি মাস্ক ব্যবহারসহ যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে; এবং
 - চ. বিষয়টি স্থানীয় প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী মনিটর করবে।
- ০২। উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ ফারুক হোসেন)
যুগ্মসচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
ফোন: ৯৫১৪৪২৬

১. সিনিয়র সচিব/সচিব (সকল)/প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ
২. বিভাগীয় কমিশনার (সকল)

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা
৩. মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/বাংলাদেশ কোস্ট গার্ড/বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
৪. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা
৫. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর (নির্দেশনাটি ব্যাপক প্রচারের অনুরোধসহ)
৬. জেলা প্রশাসক (সকল)
৭. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ
৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল)